

988-এর প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্ন



988 কী?



নতুন তিন অঙ্কের সংখ্যা 988-এর মাধ্যমে, মানুষ জাতীয় আত্মহত্যা প্রতিরোধ লাইফলাইনে (National Suicide Prevention Lifeline) যোগাযোগ করতে পারেন। এই পরিষেবাটি তাঁদের জন্য, যারা:

- আত্মহত্যাপ্রবণ
- মানসিক স্বাস্থ্য সংক্রান্ত অথবা কোনো বস্তুর ব্যবহার সম্পর্কিত সমস্যায় ভুগছেন
- যেকোনো ধরনের আবগগত চাপে ভুগছেন

988 শুধুমাত্র সংখ্যা নয়। এটা সহানুভূতিশীল এবং অ্যাক্সেসযোগ্য যত্নের একটি সরাসরি সংযোগ। 988-এ কল, টেক্সট বা চ্যাট করার সময়, আপনাকে প্রশিক্ষিত পরামর্শদাতাদের সাথে যুক্ত করা হয়, এনারা জাতীয় আত্মহত্যা প্রতিরোধ লাইফলাইন নেটওয়ার্কের অংশ। 988 নম্বর আসার ফলে 1-800-273-8255 নম্বর চলে গেছে, তা ভাববেন না। এই দুটি নম্বরের যেকোনো একটি ব্যবহার করলে একই পরিষেবা পাবেন।

988-এর কী প্রয়োজন রয়েছে?



মানসিক স্বাস্থ্য, শারীরিক স্বাস্থ্যের মতোই গুরুত্বপূর্ণ বিষয়। মানসিক স্বাস্থ্যের জরুরী অবস্থায়, এই তিন অঙ্কের সংখ্যাটি মনে রাখা সহজ! **988 নিউ ইয়র্কে এই বিষয়গুলিতে সহায়ক:**

- আচরণগত স্বাস্থ্য (মানসিক স্বাস্থ্য এবং/অথবা বস্তুগত ব্যবহার) সংক্রান্ত সমস্যায় যারা ভুগছেন, তাঁদের তাড়াতাড়ি যোগাযোগ করতে সহায়তা করে। এই ব্যবস্থা 24/7 উপলব্ধ।
- সঙ্কটের প্রতিক্রিয়ায় আইন প্রয়োগকারী এবং অন্যান্য নিরাপত্তা সংস্থানের অপ্রয়োজনীয় ব্যবহার কমাতে সাহায্য করে।
- সঙ্কট মোকাবিলার সবচেয়ে প্রয়োজনীয় সময়ে চাহিদা পূরণ করে।
- মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সমস্যায় যারা ভুগছেন, তাঁদের বিষয়ে মানসিকতা পরিবর্তনে সাহায্য করে।
- সাশ্রয়ী প্রাথমিক হস্তক্ষেপের দ্বারা স্বাস্থ্য বিষয়ক খরচ কমায়।

অন্যান্য ভাষাতেও কি পরিষেবাগুলি দেওয়া হবে?



এই লাইফলাইন বর্তমানে লাইভ ক্রাইসিস সেন্টার ফোন পরিষেবাটি ইংরেজি ও স্প্যানিশ ভাষায় দিচ্ছে। এছাড়াও এটি 150টি অতিরিক্ত ভাষায় অনুবাদ পরিষেবা দেওয়ার জন্য ভাষাগত লাইন সমাধান ব্যবহার করে।

988 ব্যবহারের জন্য কি টাকা লাগে?

988-এ বিনামূল্যে যোগাযোগ করা যায়।

988-এ কারা যোগাযোগ করতে পারে?



988 সকলের জন্য, আর এটা শুধুমাত্র 'আত্মহত্যা' সংক্রান্ত লাইন নয়। **নিম্নলিখিত অবস্থায় থাকলে 988-এ যোগাযোগ করুন:**

- আত্মহত্যাপ্রবণ
- মানসিক স্বাস্থ্য সংক্রান্ত অথবা কোনো বস্তুর ব্যবহার সম্পর্কিত সমস্যায় ভুগছেন
- যেকোনো ধরনের আবগগত চাপে ভুগছেন
- মানসিক চাপে থাকা কোনও ব্যক্তি সম্পর্কে চিন্তিত রয়েছেন।

যেকোনো বয়স, লিঙ্গ, জাতিগত উৎস, জাতি, ধর্ম, যৌন অভিমুখীতা এবং আর্থ-সামাজিক মর্যাদা নির্বিশেষে, 988 সকলের জন্যই উপলব্ধ রয়েছে। আপনি স্প্যানিশ ভাষায় অভিজ্ঞ হলে, 988-এ আপনার জন্য বিশেষ লাইন রয়েছে।

988-এ যোগাযোগ করলে কী হবে?



988-এ ফোন করলে, আপনি যে স্থান থেকে ফোন করছেন, সেই অনুসারে আপনার কল স্থানীয় লাইফ লাইন সংকট মোকাবিলা সেন্টারে পাঠানো হবে। সেখানে একজন প্রশিক্ষিত পরামর্শদাতা আপনার সমস্যা কতটা গভীর, তা শুনবেন ও জবাব দেবেন। তাঁরা তারপর প্রয়োজনীয় সহায়তা ও সংস্থান দেবেন। স্থানীয় সংকট মোকাবিলা সেন্টার আপনার কলটি না ধরতে পারলে, সেই কল নিজে থেকেই জাতীয় সংকট মোকাবিলা ব্যাকআপ সেন্টারে চলে যাবে। 988-এ করা সমস্ত যোগাযোগই স্বেচ্ছামূলক।

988 এবং 911-এর মধ্যে পার্থক্য কী?



988 জাতীয় আত্মহত্যা প্রতিরোধী লাইফলাইন নেটওয়ার্ক এবং সম্পর্কিত সঙ্কট সংস্থানের সহজ অ্যাক্সেস প্রদান করে। এটা 911-এর থেকে আলাদা, এখানে প্রধানত প্রয়োজন অনুসারে আপেক্ষিক চিকিৎসাগত পরিষেবা, আশুপন লেগে যাওয়া সংক্রান্ত এবং পুলিশের ব্যবস্থা করা হয়। 988-এর লক্ষ্য হল আত্মহত্যা এবং মানসিক স্বাস্থ্য সংক্রান্ত সংকট ও যত্নের ক্রমবর্ধমান চাহিদা পূরণ করা।

988-এর বিষয়ে আরো জেনে নিন:



এই নথির অনুবাদের অনুরোধের জন্য:

